



# অধ্যায় ০৩

## পরিমাণগত রসায়ন

➤ ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	Written
☆☆☆	Q. Type-01	BUET' 12-13, 11-12, 10-11, CKRUET' 20-21, KUET' 18-19, 17-18, 16-17, 14-15, 13-14, 12-13, RUET' 14-15, 13-14, 12-13, 11-12, 10-11, CUET' 14-15, 13-14, BUTEX' 16-17, 13-14	BUET' 18-19, 13-14, KUET' 05-06, 04-05, 03-04, RUET' 12-13, 11-12, 09-10, 08-09, 07-08, 06-07, 05-06, 04-05, 03-04, CUET' 13-14, 09-10, 08-09, 04-05
☆☆☆	Q. Type-02	BUET' 13-14, 12-13, 10-11, CKRUET' 21-22, 20-21, KUET' 18-19, 16-17, CUET' 15-16, 14-15, 10-11, BUTEX' 14-15, 13-14, IUT' 14-15, 10-11, 08-09	BUET' 18-19, 16-17, 14-15, 13-14, 12-13, 10-11, 05-06, 04-05, KUET' 19-20, 04-05, RUET' 19-20, 18-19, 15-16, 17-18, 12-13, 08-09, 04-05, 03-04, CUET' 07-08, 05-06, 04-05, 03-04, BUTEX' 18-19, 08-09, 07-08
☆☆☆	Q. Type-03	BUET' 10-11, CKRUET' 21-22, 20-21, KUET' 18-19, 17-18, 16-17, 15-16, 14-15, 13-14, 12-13, 10-11, RUET' 14-15, 13-14, 12-13, CUET' 15-16, 13-14, 10-11, 11-12, 10-11, BUTEX' 16-17, 15-16, 13-14, IUT' 20-21, 18-19, 17-18, 14-15, 11-12, 08-09	BUET' 17-18, 14-15, 04-05, 02-03, KUET' 03-04, RUET' 19-20, 17-18, 15-16, 12-13, 11-12, 08-09, 04-05, 03-04, CUET' 09-10, 08-09, BUTEX' 20-21, 10-11, 09-10, 04-05
☆☆☆	Q. Type-04	BUET' 13-14, 12-13, 11-12, 10-11, CKRUET' 21-22, KUET' 18-19, 17-18, 15-16, 13-14, 11-12, 10-11, RUET' 14-15, 13-14, 12-13, 11-12, 10-11, CUET' 13-14, BUTEX' 16-17, 15-16, IUT' 21-22, 17-18, 14-15, 11-12, 10-11	BUET' 19-20, 18-19, 14-15, 13-14, 10-11, 05-06, 03-04, KUET' 04-05, RUET' 19-20, 15-16, 09-10, 08-09, 07-08, 06-07, CUET' 05-06, 04-05, 03-04, BUTEX' 21-22, 19-20, 10-11, 08-09, 06-07, 06-07, 05-06, 03-04, 01-02, 01-02, 00-01
☆☆☆	Q. Type-05	BUET' 13-14, 11-12, 10-11, KUET' 16-17, 15-16, 14-15, 13-14, RUET' 14-15, CUET' 15-16, 14-15, 11-12, 10-11, 11-12, BUTEX' 15-16, 14-15, IUT' 14-15, 08-09	BUET' 20-21, 10-11, 09-10, 05-06, 04-05, 01-02, 00-01, 02-03, RUET' 17-18, 09-10, 07-08, 05-06, CUET' 11-12, 08-09, 07-08, 05-06, BUTEX' 21-22, 20-21, 09-10, 08-09, 05-06, 04-05
☆☆	Q. Type-06	KUET' 12-13, 11-12, BUTEX, 12-13	BUET' 12-13, KUET' 19-20, RUET' 15-16, BUTEX' 20-21



## Question Type-01: রাসায়নিক গণনা

## Concept:

ক্র.নং	মৌলের নাম	পারমাণবিক ভর	ক্র.নং	মৌলের নাম	পারমাণবিক ভর
01	H (হাইড্রোজেন)	1	14	Mn (ম্যাঙ্গানিজ)	54.93
02	C (কার্বন)	12	15	Fe (আয়রন)	55.85
03	N (নাইট্রোজেন)	14	16	Ni (নিকেল)	58.7
04	O (অক্সিজেন)	16	17	Cu (কপার)	63.5
05	Na (সোডিয়াম)	23	18	Zn (জিংক)	65.4
06	Mg (ম্যাগনেশিয়াম)	24	19	As (আর্সেনিক)	74.9
07	Al (অ্যালুমিনিয়াম)	27	20	Ag (সিলভার)	108
08	P (ফসফরাস)	31	21	Ba (বেরিয়াম)	137
09	S (সালফার)	32	22	Hg (মারকারী)	200
10	Cl (ক্লোরিন)	35.5	23	Pb (লেড)	207
11	K (পটাসিয়াম)	39.1	24	Au (স্বর্ণ)	197
12	Ca (ক্যালসিয়াম)	40	25	I (আয়োডিন)	127
13	Cr (ক্রোমিয়াম)	52	26	Br (ব্রোমিন)	80

$$\text{সংযুক্তি} = \frac{\text{যার সংযুক্তি বের করব তার ভর}}{\text{মোট যৌগের ভর}} \times 100\%$$

$$\text{আণবিক সংকেত} = (\text{স্থূল সংকেত})_n \quad \left[ \text{এখানে, } n = \frac{\text{আণবিক ভর}}{\text{স্থূল সংকেতের ভর}} \right]$$

$$n = \frac{N}{N_A} = \frac{W}{M} = \frac{V_{STP(L)}}{22.4} = V_{(L)}S = \frac{PV}{RT} \quad \text{এখানে, (L) এর অর্থ হল একক অবশ্যই Litre হতে হবে।}$$

## MCQ

01. বাংলাদেশের প্রতিটি মানুষ যদি তাদের তৈরী জৈব বর্জ্য থেকে প্রতিদিন 1800 অণু মিথেন গ্যাস উৎপন্ন হওয়ার জন্য দায়ী হয় তাহলে বাংলাদেশে প্রতিদিন কী পরিমাণ মিথেন গ্যাস উৎপন্ন হবে? [বাংলাদেশের জনসংখ্যা 17 কোটি ধরা যেতে পারে।] [CKRUET'20-21]

- (a)  $8.13 \times 10^{-12}$  gm (b)  $9.14 \times 10^{-12}$  gm (c)  $7.11 \times 10^{-12}$  gm  
(d)  $7.75 \times 10^{-12}$  gm (e)  $9.13 \times 10^{-12}$  gm

$$\text{সমাধান: (a); মোল সংখ্যা, } n = \frac{1800 \times 1700000000}{6.02 \times 10^{23}} = 5.083 \times 10^{-13}$$

$$\therefore W(\text{CH}_4) = nM = 5.083 \times 10^{-13} \times 16 \text{ gm} = 8.13 \times 10^{-12} \text{ gm}$$

02. 18 gm গ্লুকোজ অণুতে কতটি কার্বন পরমাণু আছে? [CKRUET'20-21]

- (a)  $3.6 \times 10^{23}$  (b)  $6.0 \times 10^{23}$  (c)  $3.7 \times 10^{22}$  (d)  $3.3 \times 10^{24}$  (e)  $3.0 \times 10^{25}$

$$\text{সমাধান: (a); গ্লুকোজের সংকেত } C_6H_{12}O_6$$

$$\therefore n(C) = 6 \times n(C_6H_{12}O_6) = 6 \times \frac{18}{180} \text{ mol} = 6 \times \frac{1}{10} \times 6.02 \times 10^{23} \text{ টি পরমাণু}$$

$$= 3.612 \times 10^{23} \text{ টি পরমাণু}$$

03. In an experiment, 0.774 gm of  $\text{CO}_2$  and 0.445 gm of  $\text{H}_2\text{O}$  was found to produce after combustion of 0.50 gm of a fuel. The empirical formula of the fuel is: [IUT'20-21]

- (a)  $C_8H_{16}O_5$  (b)  $C_8H_{23}O_7$  (c)  $C_2H_3O_5$  (d)  $C_6H_{12}O_7$

$$\text{Solution: (b); } n_{\text{CO}_2} = \frac{0.774}{44} \text{ mole} = 0.0176 \text{ mole; } n_{\text{H}_2\text{O}} = \frac{0.445}{18} \text{ mole} = 0.024722 \text{ mole}$$

$$\frac{n_{\text{CO}_2}}{n_{\text{H}_2\text{O}}} = 0.71154239, \frac{n_C}{n_H} = \frac{0.0176}{2 \times 0.024722} = 0.36$$

$$\text{Option check: for (b) } C_8H_{23}O_7, \frac{n_C}{n_H} = \frac{8}{23} \approx 0.35, \text{ Best answer is (b) } C_8H_{23}O_7$$



04. পানিপূর্ণ একটি পাত্র প্রতিঘন্টায় 150 mg ওজন হারায়। প্রতি সেকেন্ডে পাত্রটি থেকে কতটি জলীয় বাষ্পের অণু সৃষ্টি হয়? [KUET'18-19]  
 (a)  $1.395 \times 10^{15}$  (b)  $1.395 \times 10^{16}$  (c)  $1.395 \times 10^{17}$  (d)  $1.395 \times 10^{18}$  (e)  $1.395 \times 10^{19}$

সমাধান: (d);  $N = \frac{150 \times 10^{-3}}{18 \times 3600} \times 6.023 \times 10^{23} = 1.394 \times 10^{18}$

05. 252 মিলিগ্রাম দানাদার অক্সালিক এসিডে কতটি অক্সিজেন পরমাণু আছে? [KUET'17-18]  
 (a)  $4.8 \times 10^{23}$  (b)  $2.4 \times 10^{21}$  (c)  $4.8 \times 10^{21}$  (d)  $1.2 \times 10^{21}$  (e)  $7.23 \times 10^{21}$

সমাধান: (e); দানাদার অক্সালিক এসিড =  $H_2C_2O_4 \cdot 2H_2O$


$N = \frac{252 \times 10^{-3} \times 6.023 \times 10^{23}}{126} = 7.2276 \times 10^{21}$  টি

06. একটি বিস্কৃত যৌগের নমুনায়, 2.04 গ্রাম সোডিয়াম  $2.65 \times 10^{22}$  টি কার্বন পরমাণু এবং 0.132 মোল অক্সিজেন পরমাণু পাওয়া গেল। যৌগটি কক্ষ তাপমাত্রায় 73 গ্রাম হাইড্রোক্লোরিক এসিডের সাথে বিক্রিয়া করে একটি বর্ণহীন গ্যাস উৎপন্ন করে। উৎপন্ন গ্যাসের অণুর সংখ্যা নির্ণয় কর। [KUET'17-18]

- (a)  $3.011 \times 10^{23}$  (b)  $12.046 \times 10^{23}$   
 (c)  $1.506 \times 10^{23}$  (d)  $6.023 \times 10^{23}$  (e)  $2.008 \times 10^{23}$

Solution: (d);  $Na = \frac{2.04}{23} = 0.089$ ,  $C = \frac{2.65 \times 10^{22}}{6.02 \times 10^{23}} = 0.044$ ,  $O = 0.132$

$\therefore Na : C : O = 0.089 : 0.044 : 0.132 = 2 : 1 : 3 \therefore$  The compound is  $Na_2CO_3$ .  $n_{HCl} = \frac{73}{36.5} = 2$



07. At 11°C temperature and 749 mm pressure, the weight of a gaseous hydrocarbon is 0.11 gm. If in that compound, there is 85.71% Carbon, then what is its molecular formula? (Volume = 46.43 mL; molecular weight = 56). [IUT'17-18]  
 (a)  $CH_4$  (b)  $C_4H_8$  (c)  $C_2H_6$  (d)  $CH_2$

Solution: (b);  $n_C = \frac{85.71}{12} = 7.155$ ;  $n_H = \frac{14.31}{1} = 14.31 \therefore C : H = 1 : 2$ ;  $(CH_2)_n = 56 \Rightarrow n = \frac{56}{14} = 4 = C_4H_8$

08. একটি গ্যাসীয় হাইড্রোকার্বন দহন বিক্রিয়ায় 0.72 g পানি এবং 3.08 g কার্বন-ডাই-অক্সাইড উৎপন্ন করে। হাইড্রোকার্বনটির স্থূল সংকেত হলো- [KUET'16-17]

- (a)  $C_2H_4$  (b)  $C_3H_5$  (c)  $C_5H_7$  (d)  $C_6H_5$  (e)  $C_7H_8$

সমাধান: (e);  $C_xH_y + (x + \frac{y}{4}) O_2 \rightarrow x CO_2 + \frac{y}{2} H_2O$

$n_{H_2O} = \frac{0.72}{18} = 0.04 \equiv 4$ ;  $n_{CO_2} = \frac{3.08}{44} = 0.07 \equiv 7 \therefore C_7H_8$

09. 0.5 mol  $CO_2$  গ্যাসে অক্সিজেন পরমাণুর সংখ্যা কত? [BUTEX'16-17]  
 (a)  $1.51 \times 10^{23}$  (b)  $3.01 \times 10^{23}$  (c)  $6.02 \times 10^{23}$  (d)  $12.04 \times 10^{23}$

সমাধান: (c); 1 mole  $CO_2$  তে O পরমাণু 2 মোল

$\therefore 0.5$  mole  $CO_2$  তে O পরমাণু 1 mole =  $6.023 \times 10^{23}$  টি অক্সিজেন পরমাণু

10. 10 mg  $^{14}C$  মৌলে নিউট্রনের ভর কত? [KUET'14-15]  
 (a)  $4.32 \times 10^{-6}$  kg (b)  $5.04 \times 10^{-6}$  kg (c)  $5.76 \times 10^{-6}$  g (d)  $5.76 \times 10^{-6}$  kg (e)  $5.76 \times 10^{-6}$  mg

সমাধান: (d);  $n = \frac{W}{M} = \frac{10 \times 10^{-3}}{14}$  mole =  $7.1428 \times 10^{-4}$  mole; নিউট্রন  $\rightarrow 14 - 6 = 8$

$\therefore$  নিউট্রনের ভর =  $8 \times 7.1428 \times 10^{-4} \times 1.675 \times 10^{-27} \times N_A = 5.76 \times 10^{-6}$  kg

11. 0.20 gm জৈব যৌগকে ক্যারিয়াস প্রণালীতে বিশ্লেষণ করে 0.1167 gm  $BaSO_4$  পাওয়া গেল। সালফারের শতকরা হার নির্ণয় কর। [CUET'14-15]  
 (a) 23.53% (b) 10.01% (c) 8.01% (d) None of them

সমাধান: (c); এখানে, S এর পরিমাণ =  $\frac{32 \times 0.1167}{137 + 32 + 64} = 0.016$  g  $\therefore$  শতকরা পরিমাণ =  $(\frac{0.016}{0.20} \times 100) \% = 8.01\%$



12. কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন দ্বারা গঠিত জৈব যৌগে কার্বন = 39.9%, হাইড্রোজেন = 6.75% এবং বাকি অংশ অক্সিজেন আছে যৌগটির বাষ্পঘনত্ব 30। যৌগটির আণবিক সংকেত নির্ণয় কর। [RUET'14-15]

(a)  $C_2H_4O_3$  (b)  $C_2H_2O$  (c)  $C_4H_6O_4$  (d)  $C_3H_6O_3$  (e) None

সমাধান: (e); C = 99.9%, H = 6.75%, O = 53.35%

$$C:H:O = \frac{39.9}{12} : \frac{6.75}{1} : \frac{53.35}{16} = 3.325:6.75:3.325 = 1:2:1$$

∴ স্থূল সংকেত =  $CH_2O = (12 + 2 + 16) \times n = 60 \Rightarrow n = 2 \therefore$  আণবিক সংকেত =  $C_2H_4O_2$

13. ক্যারিয়াস পদ্ধতিতে 0.186 g জৈব যৌগ থেকে 0.475 g AgCl পাওয়া যায়। ঐ যৌগে ক্লোরিনের শতকরা হার নির্ণয় কর। [RUET'14-15]

(a) 60.0% (b) 63.1% (c) 73.1% (d) 83.1% (e) None

সমাধান: (b); Amount of Cl =  $\left(\frac{35.5}{143.5} \times 0.475\right) g = 0.1175 g$

$$\text{Percentage of Cl} = \frac{0.1175}{0.186} \times 100\% = 63.1\%$$

14. আয়রনের একটি আকরিকের মধ্যে 30%  $Fe_2O_3$  আছে। 500 kg ঐ আকরিক থেকে কত আয়রন উৎপাদন করা যাবে? [Ans: d][RUET'14-15]

(a) 140.9155 kg (b) 401.9155 kg (c) 410.9155 kg (d) 104.9155 kg (e) None

15. The atomic weight of oxygen is 16. How many grams of electron are there in 1.0 mole oxygen atom? [IUT'14-15]

(a)  $6.023 \times 10^{-29} g$  (b)  $9.1 \times 10^{-28} g$  (c)  $4.03 \times 10^{-3} g$  (d) None

Solution: (c);  $W_e = 1 \times 8 \times m_e \times N_A = 9.11 \times 10^{-31} \times 8 \times 6.02 \times 10^{23} \times 1000 = 4.3 \times 10^{-3} g$

16. নিম্নের যৌগের মধ্যে হাইড্রোজেনের শতকরা ভাগ নির্ণয় কর।  $\text{C}_6\text{H}_5\text{N}=\text{N}-\text{C}_6\text{H}_4\text{OH}$  [KUET'13-14]

(a) 6.56% (b) 6.06% (c) 5.05% (d) 5.55% (e) 6.01%

সমাধান: (c); যৌগের আণবিক ভর = 198 gm  $\therefore H = \frac{10}{198} \times 100\% = 5.05\%$

17. 0.5g ভরের একটি জৈব যৌগ দহনের পর 0.9 g  $CO_2$  ও 0.3g  $H_2O$  উৎপন্ন হল। এতে O এর শতকরা পরিমাণ নির্ণয় কর। [KUET'13-14, RUET'13-14]

(a) 44.24 (b) 49.09 (c) 34.79 (d) 52.17 (e) 13.04

সমাধান: (a); C এর পরিমাণ =  $\frac{12}{44} \times 0.9 gm = 0.245 gm$

$$H_2 \text{ এর পরিমাণ} = \frac{2}{18} \times 0.3 gm = 0.033 gm ; O \text{ এর পরিমাণ} = \frac{0.5 - 0.245 - 0.033}{0.5} \times 100\% = 44.24\%$$

18. ব্রু ভিট্রিয়লে কেলাস পানির শতকরা পরিমাণ কত? [CUET'13-14]

(a) 36.08% (b) 58.59% (c) 5.68% (d) None of these

সমাধান: (a);  $\%H_2O = \frac{5 \times 18}{5 \times 18 + 63.5 + 32 + 64} \times 100 = 36.08\%$

19. আর্দ্র ক্যালসিয়াম ক্লোরাইডে ( $CaCl_2 \cdot 2H_2O$ ) পানির শতকরা পরিমাণ কত? [BUTEX'13-14]

(a) 66.67 (b) 32.4 (c) 24.51 (d) 12.26

সমাধান: (c);  $\%H_2O = \frac{2 \times 18}{2 \times 18 + 71 + 40} = 24.49\% \approx 24.51\%$

20. 10g  $CaCO_3$  থেকে  $2 \times 10^{20}$  টি অণু সরিয়ে নিলে কতটুকু  $CaCO_3$  অবশিষ্ট থাকবে? [BUET'12-13]

(a) 9.550 g (b) 9.966 g (c) 9.881 g (d) 9.662 g

সমাধান: (b);  $W_{CaCO_3} = 10 - \frac{2 \times 10^{20}}{6.023 \times 10^{23}} \times 100 = 10 - 0.0332 = 9.9667$

21. কোন যৌগে C = 18.5%, H = 1.55%, Cl = 55.04% এবং O = 23.81% উপস্থিত আছে। যৌগটির সংকেত কী হতে পারে? [BUET'12-13]

(a)  $CHClO$  (b)  $ClCH_2O$  (c)  $CH_2ClO$  (d)  $C_2H_2OCl$

সমাধান: (a); C: H: Cl: O =  $\frac{18.5}{12} : \frac{1.55}{1} : \frac{55.04}{35.5} : \frac{23.81}{16} = 1.54:1.55:1.55:1.48 \approx 1:1:1:1 \therefore$  স্থূল সংকেত  $CHClO$





22. 0.2175 g জৈব যৌগ থেকে ক্যারিয়াস পদ্ধতিতে 0.5825 g বেরিয়াম সালফেট পাওয়া যায়। ঐ যৌগে শতকরা সালফারের পরিমাণ কত? [KUET'12-13]

(a) 40.45 (b) 36.78 (c) 24.32 (d) 44.36 (e) 50.12

সমাধান: (b);  $S(\%) = \frac{32}{233} \times \frac{0.5825}{0.2175} \times 100\% = 36.78\%$


23. 0.20 g হাইড্রোজেন এর মধ্যে কী পরিমাণ হাইড্রোজেন অণু আছে? [KUET'12-13]

(a)  $1.2046 \times 10^{23}$  (b)  $3.0125 \times 10^{23}$  (c)  $3.0125 \times 10^{22}$  (d)  $6.023 \times 10^{22}$  (e)  $6.023 \times 10^{23}$

সমাধান: (d);  $H_2$  অণুর সংখ্যা =  $\frac{0.2}{2} \times 6.023 \times 10^{23} = 6.023 \times 10^{22}$

24. 2, 4, 6 ট্রাইক্লোরোফেনল (Trichlorophenol) এর মধ্যে ক্লোরিন এর শতকরা হার কত? [KUET'12-13]

(a) 52.85% (b) 53.92% (c) 54.47% (d) 51.85% (e) 55.92%



2, 4, 6-ট্রাইক্লোরো ফেনলের আণবিক ভর =  $6 \times 12 + 1 \times 2 + 16 + 1 + 35.5 \times 3 = 197.5 \text{ gmol}^{-1}$

$\therefore Cl(\%) = \frac{3 \times 35.5}{197.5} \times 100\% = 53.92\%$

25. নিচের কোনটি বেনজিন দ্রবণে কার্বনের শতকরা সঠিক পরিমাণ? [RUET'12-13]

(a) 90.75 (b) 92.30 (c) 78.25 (d) 75.00 (e) None

সমাধান: (b); বেনজিনের আণবিক ভর = 78; কার্বনের পরিমাণ = 72, কার্বনের শতকরা পরিমাণ =  $\frac{72}{78} \times 100 = 92.30\%$

26. বাগানে ব্যবহৃত একটি সারে 30% ফসফরাস  $P_2O_5$  হিসাবে থাকে, যা পানিতে দ্রবণীয়। উক্ত সারে ফসফরাসের পরিমাণ কত? [BUET'11-12]

(a) 6.55% (b) 13.1% (c) 26.2% (d) 30.0%

সমাধান: (b);  $\%P = 0.3 \times \frac{62}{142} = 13.1\%$

27. 6.00gm:  $Fe_2(SO_4)_3$  এ কতগ্রাম সালফার আছে? [RUET'11-12]

(a) 2.40 gm (b) 0.48 gm (c) 6.00 gm (d) 1.44 gm (e) 2.44 gm

সমাধান: (d);  $M_{Fe_2(SO_4)_3} = 399.7$

399.7 gm এর মধ্যে সালফার আছে  $32 \times 3 \text{ gm} \therefore 6 \text{ gm}$  এর মধ্যে আছে =  $\frac{32 \times 3 \times 6}{399.7} \text{ gm} = 1.44 \text{ gm}$

28. ফ্লুটোজের মধ্যে নিম্নলিখিত উপাদানগুলি আছে C = 40%, H = 6.67%। এর স্থূল সংকেত নির্ণয় কর। [RUET'11-12]

(a)  $CH_2O$  (b)  $CHO$  (c)  $C_2H_4O$  (d)  $C_3H_8O_2$  (e)  $C_4H_3O$

সমাধান: (a);  $C = \frac{40}{12} = 3.33$ ;  $O = \frac{53.73}{16} = 3.33$ ;  $H = \frac{6.67}{1} = 6.67 \therefore C:H:O = 1:2:1$

29. পানিতে  $H_2$  এর শতকরা ভর- [BUET'10-11]

(a) 50.0 (b) 33.0 (c) 10.5 (d) 11.1

সমাধান: (d);  $Mass \text{ of } H_2 = \frac{2 \times 1.008}{2 \times 1.008 + 16} \times 100\% = 11.19\%$

30. How many molecules are there in 90 mL water at 4°C temperature? [Ans: b][BUET'10-11]

(a)  $6.022 \times 10^{23}$  (b)  $3.011 \times 10^{24}$  (c)  $0.602 \times 10^{23}$  (d)  $3.023 \times 10^{23}$

31. অ্যালামে অ্যালুমিনিয়ামের শতকরা পরিমাণ 40.51% হলে অ্যালামের সংকেত কোনটি? [RUET'10-11]

(a)  $K_2SO_4 \cdot Al_2(SO_4)_3 \cdot 24H_2O$  (b)  $Na_2SO_4 \cdot Al_3(SO_4)_2 \cdot 16H_2O$   
(c)  $K_2SO_4 \cdot Al_2(SO_4)_3 \cdot 20H_2O$  (d)  $K_2SO_4 \cdot Al_2(SO_4)_3 \cdot 16H_2O$  (e) None

সমাধান: (e); প্রদত্ত সংকেতসমূহ থেকে দেখা যায় যে, কোন ক্ষেত্রেই অ্যালুমিনিয়ামের শতকরা পরিমাণ 40.51% নয়।

32. A person inhales 200 mg of air once. If the air contains 20% (weight) of oxygen then how many oxygen atoms he takes in? [IUT'10-11]

(a)  $18.234 \times 10^{12}$  (b)  $7.528 \times 10^{12}$  (c)  $18.234 \times 10^{20}$  (d)  $7.528 \times 10^{20}$

Solution: (No answer);  $n_{O_2} = \frac{200 \times 10^{-3} \times 0.2}{32} = \frac{1}{800}$

$\therefore$  number of atoms =  $2 \times N_A \times \frac{1}{800} = 15.055 \times 10^{20}$  atoms

Number of  $O_2$  molecules =  $N_A \times \frac{1}{800} = 7.528 \times 10^{20}$  molecules





## Written

33. একটি পেন্সিল দিয়ে "Bangladesh University of Engineering and Technology (BUET)" লিখতে 0.55 mg গ্রাফাইট প্রয়োজন।

[BUET'18-19]

(a) ঐ লিখার মধ্যে কার্বন পরমাণুর সংখ্যা বের কর।

(b) অক্সিজেনে দহন করলে STP তে উক্ত কার্বন পরমাণুসমূহ দ্বারা উৎপন্ন গ্যাসের আয়তন লিটারে বের কর।

$$\text{সমাধান: (a) } \frac{N}{N_A} = \frac{W}{M} \Rightarrow \frac{N}{6.023 \times 10^{23}} = \frac{0.55 \times 10^{-3}}{12} \therefore N = 2.76 \times 10^{19} \text{ (Ans.)}$$

$$\text{(b) } C + O_2 \rightarrow CO_2; \frac{V_{CO_2}}{22.4} = \frac{W_C}{M_C} \Rightarrow \frac{V_{CO_2}}{22.4} = \frac{0.55 \times 10^{-3}}{12} \Rightarrow V_{CO_2} = 1.0267 \times 10^{-3} \text{ L (Ans.)}$$

34. 10 g অবিশুদ্ধ একটি পানির নমুনা বিশ্লেষণ করে 10 mg অপদ্রব্য পাওয়া গেল। নমুনাটিতে কত অণু বিশুদ্ধ পানি আছে? [BUET'13-14]

$$\text{সমাধান: বিশুদ্ধ } H_2O = (10 - 0.01) \text{ g} = 9.99 \text{ g} = 0.555 \text{ mole}$$

$$H_2O \text{ অণু} = 0.555 \times 6.02 \times 10^{23} = 3.343 \times 10^{23}$$

35. একটি ধাতুর দুইটি অক্সাইডে যথাক্রমে 27.6% ও 30% অক্সিজেন আছে। যদি প্রথম অক্সাইডের রাসায়নিক সংকেত  $M_3O_4$  হয় তবে দ্বিতীয় অক্সাইডের রাসায়নিক সংকেত নির্ণয় কর। [CUET'13-14]

$$\text{সমাধান: প্রথম অক্সাইডে, অক্সিজেন} = 27.6\% \therefore \text{ধাতু} = (100 - 27.6)\% = 72.4\%$$

$$\text{ধরি, ধাতুর পারমাণবিক ভর} = M \therefore \frac{3M}{3M+4 \times 16} \times 100 = 72.4 \Rightarrow M = 55.96$$

ধরি, দ্বিতীয় অক্সাইড  $MO_x$

$$\text{দ্বিতীয় অক্সাইডে, অক্সিজেন} = 30\% \text{ ধাতু} = 70\%$$

$$\therefore \frac{16x}{55.96+16x} \times 100 = 30 \Rightarrow x = \frac{3}{2} \therefore \text{সংকেত } MO_{\frac{3}{2}} \text{ বা } M_2O_3$$

36. 5.17 mg একটি জৈব যৌগটির দহন করলে 10.32 mg  $CO_2$  এবং 4.23 mg  $H_2O$  পাওয়া যায়। যৌগটির আণবিক ভর 88 হলে, যৌগটির আণবিক সংকেত নির্ণয় কর। [CUET'09-10, RUET'12-13]

$$\text{সমাধান: \%C} = \frac{10.32}{5.17} \times 100 = 54.44\%; \%H = \frac{4.23}{5.17} \times 100 = 9.09\%$$

$$\therefore \%O = (100 - 54.44 - 9.096)\% = 36.47\% \therefore C:H:O = \frac{54.44}{12} : \frac{9.09}{1} : \frac{36.47}{16} = 4.54:9.09:2.28$$

$$C:H:O = 2:4:1 \therefore \text{স্থূল সংকেত} = (C_2H_4O)_n$$

$$\therefore \text{স্থূল ভর} = 44 \therefore n = \frac{88}{44} = 2$$

$$\therefore \text{আণবিক সংকেত} = (C_2H_4O)_2 = C_4H_8O_2$$

37. একটি যৌগের বিভিন্ন উপাদানগুলি নিম্নরূপ  $C = 51.28\%; H = 4.9\%; O = 27.35\%; N = 11.97\%$ । যৌগটির আণবিক ভর 234 হলে, ইহার স্থূল সংকেত ও আণবিক সংকেত নির্ণয় কর। [RUET'11-12]

$$\text{সমাধান: } C:H:O:N = \frac{51.28}{12} : \frac{9.4}{1} : \frac{27.35}{16} : \frac{11.97}{14} = 4.273:9.4:1.7093:0.855$$

$$\therefore C:H:O:N = 5:11:2:1$$

$$\therefore \text{স্থূল সংকেত } C_5H_{11}O_2N \text{ এর আণবিক ভর} = 117; \text{ ধরি আণবিক সংকেত } (C_5H_{11}O_2N)_n \therefore 117n = 234 \therefore n = 2$$

$$\therefore \text{আণবিক সংকেত } (C_5H_{11}O_2N)_2 \therefore \text{আণবিক সংকেত} = C_{10}H_{22}O_4N_2$$

38. পেন্সিল দিয়ে 500 বার 'Engineering' লিখতে 55.6 mg গ্রাফাইট ব্যবহৃত হয়। একবার 'Engineering' লিখতে কতটি কার্বন পরমাণু ব্যবহৃত হবে? [RUET'09-10]

$$\text{সমাধান: একবার 'Engineering' লিখতে গ্রাফাইট ব্যবহৃত হবে } \frac{55.6 \times 10^{-3}}{500 \times 12} \text{ mol}$$

$$\therefore \text{কার্বন পরমাণু ব্যবহৃত হবে} = \frac{55.6 \times 10^{-3}}{500 \times 12} \times 6.02 \times 10^{23} \text{ টি} = 5.578 \times 10^{18} \text{ টি (Ans.)}$$

39. 5.17 mg একটি জৈব যৌগকে দহন করলে 10.32 mg CO<sub>2</sub> এবং 4.23 mg H<sub>2</sub>O পাওয়া যায়। যৌগটির আণবিক ভর 88 হইলে, যৌগটির আণবিক সংকেত নির্ণয় কর। [CUET'09-10]

সমাধান: %C =  $\frac{12}{44} \times \frac{10.32}{5.17} \times 100 = 54.44$ ; %H =  $\frac{2}{18} \times \frac{4.23}{5.17} \times 100 = 9.09$

∴ %O = 100 - (54.44 + 9.09) = 36.47 ∴ C =  $\frac{54.44}{12} = 4.54$ ; H =  $\frac{9.09}{1} = 9.09$ ; O =  $\frac{36.47}{16} = 2.28$

∴ C =  $\frac{4.54}{2.28} \approx 2$ ; H =  $\frac{9.09}{2.28} \approx 4$ ; O =  $\frac{2.28}{2.28} = 1$ ; ∴ C:H:O = 2:4:1 ∴ স্থূল সংকেত = C<sub>2</sub>H<sub>4</sub>O

আণবিক সংকেত = (C<sub>2</sub>H<sub>4</sub>O)<sub>n</sub> ∴ (2 × 12 + 4 × 1 + 16) × n = 88; n = 2 ∴ আণবিক সংকেত = C<sub>4</sub>H<sub>8</sub>O<sub>2</sub>

40. একটি যৌগে কার্বন 26.7%, হাইড্রোজেন 2.2% এবং অক্সিজেন 71.06% পাওয়া গেল। যৌগটির বাষ্প ঘনত্ব 45 হলে, যৌগটির আণবিক সংকেত বের কর। [RUET'04-05, 07-08,08-09]

সমাধান:

মৌল	শতকরা হার	মোল সংখ্যা	মোলার অনুপাত
C	26.7%	2.225	1
H	2.2%	2.2	1
O	71.06%	4.44	2

∴ স্থূল সংকেত CHO<sub>2</sub>; স্থূল সংকেতের আণবিক ভর = 12 + 1 + 32 = 45

যৌগটির আণবিক ভর = 45 × 2 = 90. যৌগটির আণবিক সংকেত = (CHO<sub>2</sub>)<sub>n</sub>

n =  $\frac{90}{45} = 2$  ∴ যৌগটির আণবিক সংকেত = (CHO<sub>2</sub>)<sub>2</sub> = HOOC - COOH = C<sub>2</sub>H<sub>2</sub>O<sub>4</sub> (Ans.)

যৌগটির নাম অক্সালিক এসিড।

41. একটি যৌগের সরল সংকেত নির্ণয় কর এবং নাম উল্লেখ কর যার মধ্যে C = 10.16%, H = 0.84% এবং Cl = 89% আছে। [CUET'08-09]

সমাধান: C = 10.16%; H = 0.84%; Cl = 89% ∴ C =  $\frac{10.16}{12} = 0.84$ , H = 0.84; Cl =  $\frac{89}{35.5} = 2.5$

∴ C = 1; H = 1; Cl = 3 ∴ সরল সংকেত = (CHCl<sub>3</sub>) এবং এটি হল ক্লোরোফর্ম (Ans.)

42. কোন একটি বস্তুর 0.202 gm পরিমাণকে পোড়ালে 0.361 gm CO<sub>2</sub> এবং 0.147 gm H<sub>2</sub>O উৎপন্ন হয়। উক্ত বস্তুর মূল সংকেত নির্ণয় কর। [RUET'06-07]

সমাধান: %C =  $\frac{0.361 \times 100}{0.202 \times \frac{44}{12}} = 48.7\%$ , H =  $\frac{0.147}{0.202} \times 100 = 8.09\%$

∴ O = 100 - (C + H) = 43.21% ∴ C =  $\frac{48.7}{12} \approx 4.05$ , H = 8.09, O =  $\frac{43.21}{16} = 2.7$  Again. C =  $\frac{4.05}{2.7} = 1.5$

2 দ্বারা গুণ করে H =  $\frac{8.09}{2.7} = 2.99 \approx 3$ ; O =  $\frac{2.69}{2.69} = 1$

∴ C = 3, H = 6, O = 2 ∴ মূল সংকেত = C<sub>3</sub>H<sub>6</sub>O<sub>2</sub>

43. 0.175 gm জৈব যৌগ হতে ক্যারিয়াস পদ্ধতিতে 0.525 gm সিলভার ক্লোরাইড উৎপন্ন হয়। ঐ যৌগের ক্লোরিনের শতকরা হার নির্ণয় কর। [KUET'05-06]

সমাধান: AgCl - এর আণবিক ভর = 108 + 35.5 = 143.5

143.5 gm AgCl এ ক্লোরিন আছে = 35.5 gm

∴ 0.525 gm AgCl ক্লোরিন আছে =  $\frac{35.5 \times 0.525}{143.5} = 0.13 \text{ gmol}^{-1}$

∴ 0.175 gm জৈব যৌগে ক্লোরিন আছে = 0.13 gm

∴ 100 gm জৈব যৌগে ক্লোরিন আছে =  $\frac{0.13 \times 100}{0.175} = 74.28\%$  (Ans.)

44. 0.2346 g জৈব যৌগকে দহনের পর উৎপন্ন CO<sub>2</sub> এবং পানির বাষ্পের ওজন যথাক্রমে 0.4488 g ও 0.2754 g হয়। ঐ যৌগটিতে C, H এবং O মৌল থাকলে, এদের শতকরা হার নির্ণয় কর। [RUET'05-06]

সমাধান: %C =  $\frac{12 \times \text{CO}_2 \text{ এর ভর} \times 100}{44 \times \text{জৈব যৌগের ভর}} = \frac{12 \times 0.4488 \times 100}{44 \times 0.2346} = 52.17\%$

%H =  $\frac{2 \times \text{H}_2\text{O এর ভর} \times 100}{18 \times \text{জৈব যৌগের ভর}} = \frac{2 \times 0.2754 \times 100}{18 \times 0.2346} = 13.04\%$

∴ O % = 100% - (52.17 + 13.04)% = 34.79%



45. তামাকে নিকোটিনের উপাদান বিশ্লেষণে 74.08% কার্বন, 8.64% হাইড্রোজেন ও 17.28% নাইট্রোজেন পাওয়া যায়। নিকোটিনের আণবিক ভর 162 হলে এর আণবিক সংকেত নির্ণয় কর। [RUET'05-06]

সমাধান: মৌলের শতকরা পরিমাণকে নিজ নিজ পারমাণবিক ভর দ্বারা ভাগ করলে-

$$\text{কার্বন} = \frac{74.08}{12} = 6.173; \text{হাইড্রোজেন} = \frac{8.64}{1} = 8.46; \text{নাইট্রোজেন} = \frac{17.28}{14} = 1.234$$

$$\text{কার্বন} = \frac{6.173}{1.234} = 5.0024; \text{হাইড্রোজেন} = \frac{8.64}{1.234} = 7.0016; \text{নাইট্রোজেন} = \frac{1.234}{1.234} = 1$$

যৌগটির স্থূল সংকেত  $C_5H_7N$

মনে করি, আণবিক সংকেত  $(C_5H_7N)_n$

$$\therefore (C_5H_7N)_n = 162 \Rightarrow (12 \times 5 + 1 \times 7 + 14)n = 162 \Rightarrow 81n = 162 \Rightarrow n = 2 \therefore C_{10}H_{14}N_2$$

46. 0.2175 gm জৈব যৌগ থেকে ক্যারিয়াস পদ্ধতিতে 0.5825 gm বেরিয়াম সালফেট পাওয়া যায়। ঐ জৈব যৌগে সালফারের শতকরা হার নির্ণয় কর [CUET'04-05, KUET'04-05]

সমাধান: যৌগের ভর 0.2175 gm

$BaSO_4$  এর ভর = 0.5825 gm

$BaSO_4$  এর আণবিক ভর = 233

$$\therefore \% S = \frac{32}{233} \times \frac{0.5825}{0.2175} \times 100\% = 36.78\% \text{ (Ans.)}$$

47. একজন লোক একবার নিঃশ্বাসে 200 mg বাতাস গ্রহণ করে। যদি বাতাস 20% (ভরে) অক্সিজেন ধারণ করে তাহলে লোকটি একবার নিঃশ্বাসে কতগুলো অক্সিজেন অণু গ্রহণ করে? [RUET'04-05]

সমাধান: লোকটি একবার নিঃশ্বাস  $\left(\frac{20 \times 200}{100}\right)$  mg বা 40 mg অক্সিজেন গ্রহণ করে।

প্রমাণ অবস্থায়, 32 gm বা  $32 \times 10^3$  mg এ অক্সিজেন অণু থাকে  $6.023 \times 10^{23}$  টি

$$\therefore 40 \text{ mg এ অক্সিজেন অণু থাকে } \frac{6.023 \times 10^{23} \times 40}{32 \times 10^3} = 7.5 \times 10^{20} \text{ টি (Ans.)}$$

48. কোন জৈব যৌগের 0.2475 gm পূর্ণ দহনের পর 0.495 gm  $CO_2$  এবং 0.2025 gm  $H_2O$  পাওয়া গেল যৌগের C ও H এর শতকরা হার বের কর। [KUET'03-04]

$$\text{সমাধান: \%C} = 0.495 \times \frac{12}{44} \times \frac{100\%}{0.2475} = 54.54\%; \text{\%H} = 0.2025 \times \frac{2}{18} \times \frac{100}{0.2475} = 9.09\% \text{ (Ans.)}$$

49.  $50^\circ C$  তাপমাত্রায় ও  $96.056 \times 10^3$  Pa চাপে সাইক্লোপ্রোপেন গ্যাসের ঘনত্ব  $1.75 \times 10^3 \text{ kg/m}^3$ । সাইক্লোপ্রোপেন গ্যাসের স্থূল সংকেত  $CH_2$ । গ্যাসটির আণবিক ভর ও আণবিক সংকেত নির্ণয় কর। [KUET'03-04]

সমাধান: সাইক্লোপ্রোপেন এর স্থূল সংকেত  $CH_2$

$$PM = dRT \Rightarrow M = \frac{dRT}{P}$$

$$\therefore M = \frac{1.75 \times 10^3 \times 8.316 \times 323}{96.056 \times 10^3} = 48.936 \text{ kg (Ans.)}$$

$$\therefore n(CH_2) = 48.936 \Rightarrow n = \frac{48.936}{12+2} = 3.49 \approx 3 \therefore C_3H_6 \text{ (Ans.)}$$

$$d = 1.75 \times 10^3 \text{ kg/m}^3$$

$$R = 8.316 \text{ JK}^{-1}\text{mol}^{-1}$$

$$T = (50 + 273)K = 323K$$

$$P = 96.056 \times 10^3 \text{ N/m}^2$$

50. একটি যৌগকে বিশ্লেষণ করে নিম্নলিখিত অনুপাতে বিভিন্ন উপাদান পাওয়া গেল। কার্বন 54.54%, হাইড্রোজেন 9.09%, অক্সিজেন 36.36% যৌগটির বাষ্প ঘনত্ব 44। যৌগটির সংকেত কি? [RUET'03-04]

$$\text{সমাধান: C:H:O} = \frac{54.54}{12} : \frac{9.09}{1} : \frac{36.36}{16} = 4.545 : 9.09 : 2.2725 = 2 : 4 : 1$$

$$\therefore \text{স্থূল সংকেত } (C_2H_4O) \text{ -এর ভর} = 44$$

$$\text{আণবিক সংকেত } (C_2H_4O)_n \text{ হলে, } 44 \times n = 44 \times 2 \Rightarrow n = 2 \therefore \text{আণবিক সংকেত} = C_4H_8O_2 \text{ (Ans.)}$$







## Question Type-02: সমীকরণ বিষয়ক গণনা

## Concept:

➤  $aA + bB \rightarrow cC + dD$  বিক্রিয়াটিতে সবগুলো বিক্রিয়কের সম্পূর্ণ অংশ বিক্রিয়া করলে Stoichiometry অনুযায়ী,

➤  $\frac{n_A}{a} = \frac{n_B}{b} = \frac{n_C}{c} = \frac{n_D}{d}$


➤  $\frac{n_A}{a} > \frac{n_B}{b}$ ; B সম্পূর্ণ বিক্রিয়া করবে অর্থাৎ B লিমিটিং বিক্রিয়ক

➤  $\frac{n_A}{a} < \frac{n_B}{b}$ ; A সম্পূর্ণ বিক্রিয়া করবে অর্থাৎ A লিমিটিং বিক্রিয়ক

যে বিক্রিয়কটি সম্পূর্ণরূপে শেষ হয়ে যাবে, সেটি হল লিমিটিং বিক্রিয়ক।

উৎপাদের পরিমাণ হিসাব করা হয় লিমিটিং বিক্রিয়ক থেকে।

হাইড্রোকার্বনের দহন বিক্রিয়া নিম্নরূপ:



## MCQ

01. 10 টন জিংক অক্সাইডকে 10 টন চারকোলসহ বিজারিত করলে কী পরিমাণ জিংক উৎপন্ন হবে? [CKRUET'21-22]  
 (a) 80.254 ton (b) 10.252 ton (c) 18.015 ton (d) 6.423 ton (e) 8.034 ton

সমাধান: (e);  $ZnO + C \rightarrow Zn + CO$

81.4 12 65.4

81.4 g ZnO বিক্রিয়া করে 12gC এর সাথে

∴ 10 ton ZnO বিক্রিয়া করে  $\frac{12}{81.4} \times 10 = 1.474$  ton C এর সাথে

∴ Zn লিমিটিং বিক্রিয়ক; 81.4 g ZnO থেকে Zn তৈরি হয় 65.4 g

∴ 10 ton ZnO থেকে Zn তৈরি হয়  $\frac{65.4}{81.4} \times 10 \text{ ton} = 8.034 \text{ ton}$

02. একজন মহাকাশচারীর দৈনিক শক্তি অর্জনের জন্য প্রতি ঘণ্টায় 30 gm গ্লুকোজের প্রয়োজন হলে, মহাকাশে এক সপ্তাহ থাকার জন্য ঐ মহাকাশচারীর কত ভরের অক্সিজেন নিতে হবে? [CKRUET'20-21]

(a) 2.688 kg (b) 5.376 kg (c) 53.76 kg (d) 26.88 kg (e) 26.8 kg

সমাধান: (b);  $C_6H_{12}O_6 + 6O_2 \rightarrow 6CO_2 + 6H_2O$

∴  $n(O_2) = 6 \times n(C_6H_{12}O_6)$  [n = মোল সংখ্যা]

7 দিনে গ্লুকোজ দরকার =  $7 \times 24 \times 30 \text{ gm} = \frac{5040 \text{ gm}}{180} = 28 \text{ mol}$

∴  $n(O_2) = 6 \times 28 \text{ mol} = 168 \text{ mol}$  ∴  $W(O_2) = n(O_2) \times M(O_2) = (168 \times 32 \times 10^{-3}) \text{ kg} = 5.376 \text{ kg}$

03. যে পরিমাণ কার্বন ডাই অক্সাইড 20g ক্যালসিয়াম কার্বোনেটকে উত্তপ্ত করে পাওয়া যায় তা সম্পূর্ণরূপে কস্টিক সোডার সাথে বিক্রিয়া করে সোডিয়াম কার্বোনেটে পরিণত করা হলো। বিক্রিয়াতে কী পরিমাণ কস্টিক সোডা প্রয়োজন হয়? [KUET'18-19]

(a) 25 g (b) 16 g (c) 12 g (d) 30 g (e) 20 g

সমাধান: (b);  $CaCO_3 \xrightarrow{\Delta} CaO + CO_2$ ;  $CO_2 + 2NaOH \rightarrow Na_2CO_3 + H_2O$

100 g  $CaCO_3 \equiv 80 \text{ g NaOH}$

∴ 20 g  $CaCO_3 \equiv 16 \text{ g NaOH}$

04. STP তে 22.4 L  $H_2$  গ্যাস 11.2 L  $Cl_2$  গ্যাসের সাথে মিশ্রিত করে HCl গ্যাস তৈরী করা হল। উৎপন্ন HCl গ্যাস এর পরিমাণ (মোলে) কত হবে? [KUET'16-17]

(a) 0.5 (b) 0.75 (c) 1.0 (d) 1.5 (e) 2.0

সমাধান: (c);  $H_2(g) + Cl_2(g) \rightarrow 2 HCl(g)$

limiting reagent =  $Cl_2$ ;  $n_{Cl_2} = \frac{11.2}{22.4} = 0.5 \text{ mol}$  ∴  $n_{HCl} = 1 \text{ mol}$





05. An electric power station annually burns  $3.1 \times 10^7$  kg of coal containing 2.4% rhombic sulfur by mass. Calculate the volume of  $\text{SO}_2$  produced at STP. [CUET'15-16]

(a)  $2.17 \times 10^7$  L (b)  $5.21 \times 10^5$  L (c)  $5.21 \times 10^8$  L (d)  $2.17 \times 10^{10}$  L

Solution: (c); The mass of rhombic sulphur =  $\left(\frac{2.4}{100} \times 3.1 \times 10^7\right)$  kg  
 $= 744000$  kg =  $\frac{744000 \times 10^3}{32}$  mol =  $23250000$  mol

$\text{S} + \text{O}_2 \rightarrow \text{SO}_2 \therefore n_s = n_{\text{SO}_2} = 2.325 \times 10^7$  mol

$\therefore$  At STP the volume of  $\text{SO}_2 = (2.325 \times 10^7 \times 22.4)$  L =  $5.21 \times 10^8$  L

06. চূনাপাথরে 96% ক্যালসিয়াম কার্বনেট আছে। লঘু হাইড্রোক্লোরিক এসিডে 150 gm চূনাপাথর দ্রবীভূত করে প্রমাণ অবস্থায় কত লিটার  $\text{CO}_2$  পাওয়া যাবে? [CUET'14-15]

(a) 32.256 L (b) 3.2256 L (c) 322.56 L (d) 0.3226 L

সমাধান: (a); 150 gm এর 96% = 144gm

$\text{CaCO}_3 \rightarrow \text{CaO} + \text{CO}_2$   $\therefore$  উৎপন্ন  $\text{CO}_2$  এর আয়তন =  $\frac{22.4 \times 144}{100}$  L = 32.256 L

07. মিথেনকে দহন করতে কত মোল অক্সিজেন প্রয়োজন হবে? [BUTEX'14-15]

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

সমাধান: (b);  $\text{CH}_4 + 2\text{O}_2 \rightarrow \text{CO}_2 + 2\text{H}_2\text{O}$

08. 0.535 g of a mixture of acetaldehyde and ethanol reacts with Fehling's solution and form 1.2 g red precipitate. The percentage of acetaldehyde present into the mixture is- [IUT'14-15]

(a) 69% (b) 53.5% (c) 50% (d) 60.2%

Solution: (a);  $n_{\text{Cu}_2\text{O}} = \frac{1.2}{2 \times 63.5 + 16} = 8.39 \times 10^{-3}$  mol

$\therefore W_{\text{CH}_3\text{CHO}} = n_{\text{Cu}_2\text{O}} \times M_{\text{CH}_3\text{CHO}} = 8.39 \times 10^{-3} \times 44 = 0.369$  gm [ $\because n_{\text{CH}_3\text{CHO}} = n_{\text{Cu}_2\text{O}}$ ]

$\therefore \% \text{CH}_3\text{CHO} = \frac{0.369}{0.535} \times 100 = 69\%$

09. 0.6 g অক্সিজেন ধারণকারী একটি আবদ্ধ পাত্রে 1.0 g Mg কে দহন করা হল। পাত্রে কি পরিমাণ Mg অতিরিক্ত থাকবে? [BUET'13-14]

(a) 0.09 g (b) 0.66 g (c) 0.25 g (d) 0.12 g

সমাধান: (a); অতিরিক্ত Mg =  $1 - \frac{24.3}{16} \times 0.6$  g =  $0.08875 \approx 0.09$  g

10. 1 মোল অ্যাসিটিলিন দহনে কত মোল  $\text{O}_2$  প্রয়োজন? [BUTEX'13-14]

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

সমাধান: blank; Ans = 2.5 mole;  $\text{C}_2\text{H}_2 + \frac{5}{2}\text{O}_2 = 2\text{CO}_2 + \text{H}_2\text{O}$  but ইথিন হলে Ans=3 mole(c)

11. 2.2g  $\text{C}_3\text{H}_8$  দহন করে  $\text{CO}_2$  ও  $\text{H}_2\text{O}$  তৈরী করতে কত মোল  $\text{O}_2$  প্রয়োজন? [BUTEX'13-14]

(a) 0.050 (b) 0.15 (c) 0.25 (d) 0.50

সমাধান: (c);  $\text{C}_3\text{H}_8 + 5\text{O}_2 = 3\text{CO}_2 + 4\text{H}_2\text{O}$ , 44 g  $\text{C}_3\text{H}_8 \equiv 1$  mol  $\text{C}_3\text{H}_8$

1 mole 5 mole

$\therefore 2.2$  g  $\text{C}_3\text{H}_8 = \frac{1}{20}$  mol  $\text{C}_3\text{H}_8$

$\frac{1}{20}$  mole  $\text{C}_3\text{H}_8 \equiv \frac{5}{20} = \boxed{0.25 \text{ mole}}$   $\text{O}_2$

12. 25 g  $\text{CaCO}_3$  কে তীব্রভাবে উত্তপ্ত করলে কত ওজনের চুন পাওয়া যায়? [BUTEX'13-14]

(a) 2.5 g (b) 10 g (c) 14 g (d) 25 g

সমাধান: (c);  $W(\text{CaO})$  in  $\text{CaCO}_3 = \frac{\text{CaO}}{\text{CaCO}_3} \times W_0 = \frac{56}{100} \times 25 = 14$  g

13.  $\text{Co}(\text{NH}_3)_4\text{Cl}_3$  এর জলীয় দ্রবণে যথেষ্ট পরিমাণ  $\text{AgNO}_3$  দ্রবণ যোগ করলে অধঃক্ষিপ্ত  $\text{AgCl}$  এর মোল সংখ্যা হল---

(a) 1 (b) 2 (c) 3 (d) 0

[BUET'12-13]


সমাধান: (a);  $\text{Co}(\text{NH}_3)_4\text{Cl}_3 = [\text{Co}(\text{NH}_3)_4(\text{Cl})_2]^+ \text{Cl}^-$  [ $\text{Co}^{3+}$  এর সম্মিলিত সংখ্যা 6]

$[\text{Co}(\text{NH}_3)_4(\text{Cl})_2]\text{Cl} + \text{AgNO}_3 \rightarrow [\text{Co}(\text{NH}_3)_4(\text{Cl})_2]\text{NO}_3 + \text{AgCl} \downarrow$  তাই, 1 mole  $\text{AgCl}$  অধঃক্ষিপ্ত হয়।






14. 60 g পটাশিয়াম ক্লোরেটকে উত্তপ্ত করলে প্রাপ্ত অক্সিজেন গ্যাসের আয়তন NTP তে হবে- [BUET'10-11]  
 (a) 13.70 L (b) 11.70 L (c) 10.80 L (d) 16.46 L





15. 80 g কিউপ্রিক অক্সাইডকে বিজারিত করতে STP তে কত লিটার বিশুদ্ধ হাইড্রোজেন প্রয়োজন হবে? [CUET'10-11]  
 (a) 22.54 L (b) 22.40 L (c) 26.32 L (d) None of these




$\therefore$  প্রয়োজনীয়  $\text{H}_2 = \frac{80}{79.5} \times 22.4 \text{ L} = 22.54 \text{ L}$

16. 1.5 g কার্বন কে বাতাসে দহন করলে উৎপন্ন  $\text{CO}_2$  এর আয়তন প্রমাণ অবস্থায় কত? [CUET'10-11]  
 (a) 1.04 L (b) 0.763 L (c) 2.8 L (d) None of these



$\therefore$  1.5 g কার্বন দহনে উৎপন্ন  $\text{CO}_2 = \frac{1.5}{12} \times 22.4 \text{ L} = 2.8 \text{ L}$

17. If 0.3 mol Zn is added to HCl containing 0.52 mol HCl, how many moles of  $\text{H}_2$  are produced? [IUT'10-11]  
 (a) 0.3 mole (b) 0.52 mole (c) 0.26 mole (d) 0.6 mole




18. How many gm of HCl react with 5.0 gm Manganese dioxide according to this equation? [IUT'08-09]  
 $4 \text{HCl} + \text{MnO}_2 \rightarrow 2 \text{H}_2\text{O} + \text{MnCl}_2 + \text{Cl}_2$




Solution: (d);  $W = 36.5 \times 4n_{\text{MnO}_2} = 4 \times 36.5 \times \left\{ \frac{5}{(54.93 + 2 \times 32)} \right\} = 8.4 \text{ gm}$

19. How much lime (CaO) will be obtained by heating 500gm lime stone of 50% purity? [IUT'08-09]  
 (a) 250 gm (b) 280 gm (c) 140 gm (d) 56 gm



### Written

20. পাকস্থলিতে উৎপন্ন পাচক রসে হাইড্রোক্লোরিক এসিডের পরিমাণ 2.95 mg/mL। যদি একজন ব্যক্তির পাকস্থলি প্রতিদিন 1.1 L পাচকরস উৎপন্ন করে, তাহলে প্রতিদিন উৎপন্ন হাইড্রোক্লোরিক এসিডকে পূর্ণ প্রশমিত করতে কতগুলো অ্যান্টাসিড ট্যাবলেটের প্রয়োজন হবে? প্রতিটি ট্যাবলেটে 230mg  $\text{Al}(\text{OH})_3$  থাকে। [KUET'19-20]



$W_{(\text{HCl})} = \rho V = 2.958 \times 1.1 \times 10^3 = 3245 \text{ mg} = 3.245 \text{ g} \therefore n_{(\text{HCl})} = \frac{W_{(\text{HCl})}}{M_{(\text{HCl})}} = \frac{3.245}{1+35.5} = 0.0889$

বিক্রিয়া সমীকরণ থেকে,  $n_{(\text{Al}(\text{OH})_3)} = \frac{1}{3} \times n_{(\text{HCl})} = \frac{1}{3} \times 0.0889 = 0.0296$

$\therefore W_{(\text{Al}(\text{OH})_3)} = n_{(\text{Al}(\text{OH})_3)} \times M_{(\text{Al}(\text{OH})_3)} = 0.0296 \times (27 + 17 \times 3) = 2.3088 = 2308.8 \text{ mg}$


$\therefore$  ট্যাবলেট লাগবে  $= \frac{2308.8}{230} = 10.038 \approx 10$  টি (Ans.)





21.  $10 \text{ cm}^3$  আয়তনের একটি হাইড্রোকার্বন গ্যাস এবং  $43 \text{ cm}^3$  আয়তনের অক্সিজেন গ্যাসের মিশ্রণকে দহন করে শীতল করা হলো। শীতল গ্যাস মিশ্রণের আয়তন  $28 \text{ cm}^3$  পাওয়া গেল। এ গ্যাস মিশ্রণে কস্টিক সোডা দ্রবণ যোগ করে ঝাঁকানো হলে গ্যাস মিশ্রণটির আয়তন কমে  $8 \text{ cm}^3$  হলো। হাইড্রোকার্বনটির আণবিক সংকেত নির্ণয় কর। [RUET'19-20]

সমাধান: হাইড্রোকার্বনের সংকেত =  $C_xH_y$ । দহন বিক্রিয়াটি নিম্নরূপঃ




শুরুতে,  $10 \text{ mL}$                        $43 \text{ mL}$                        $0 \text{ mL}$                        $0 \text{ mL}$

দহন শেষে অবশিষ্ট গ্যাসের আয়তন,  $(10 - V) \text{ mL}$      $\left\{43 - V\left(x + \frac{y}{4}\right)\right\} \text{ mL}$      $Vx \text{ mL}$      $0 \text{ mL}$

প্রশ্নমতে,  $(10 - V) + \left\{43 - V\left(x + \frac{y}{4}\right)\right\} + Vx = 28 \dots \dots \dots (i)$

হাইড্রোকার্বন গ্যাসের সম্পূর্ণ দহন হয়েছে বলে,  $10 - V = 0 \therefore V = 10 \text{ mL}$

কস্টিক সোডা যোগ করার পর শীতল গ্যাস মিশ্রণের আয়তন  $28 \text{ mL}$  থেকে কমে তা  $8 \text{ mL}$  এ পরিণত হয়। অর্থাৎ  $20 \text{ mL}$  গ্যাস অপসারিত হয়। শীতল গ্যাস মিশ্রণে কস্টিক সোডা যোগ করলে তা হাইড্রোকার্বনের দহন বিক্রিয়ার ফলে উৎপন্ন  $CO_2(g)$  এর সাথে বিক্রিয়া করে।




$CO_2$  গ্যাস এ বিক্রিয়ার ফলে  $Na_2CO_3$  এ পরিণত হয়ে অপসারিত হয়। অর্থাৎ,  $Vx = 20$

$$\text{বা, } x = \frac{20}{V} = \frac{20}{10} = 2$$

$x$  ও  $V$  এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,  $(10 - 10) + \left\{43 - 10\left(2 + \frac{y}{4}\right)\right\} + 10 \times 2 = 28$

বা,  $43 - 20 - \frac{5y}{2} = 8$  বা,  $\frac{5y}{2} = 15 \therefore y = 6 \therefore$  হাইড্রোকার্বনের সংকেত =  $C_xH_y = C_2H_6$  (Ans.)

22. মিল্ক অব ম্যাগনেশিয়া হল ম্যাগনেশিয়াম হাইড্রোক্সাইডের জলীয় সাসপেনশন যা সাধারণত পাকস্থলির এসিড প্রশমিত করতে ব্যবহৃত হয়। পাকস্থলির এসিড মূলত হাইড্রোক্লোরিক এসিড যা মিল্ক অব ম্যাগনেশিয়ার সাথে বিক্রিয়া করে ম্যাগনেশিয়াম ক্লোরাইড ও পানি তৈরি করে। পাকস্থলির এসিডের ঘনমাত্রা  $0.13 \text{ M}$  হলে মিল্ক অব ম্যাগনেশিয়ার একটি সেবন মাত্রার  $100 \text{ mg}$  ম্যাগনেশিয়াম হাইড্রোক্সাইড কত লিটার পাকস্থলির এসিড প্রশমিত করবে? ম্যাগনেশিয়ামের পারমাণবিক ভর  $24.3$ । [BUET'18-19]




$$\frac{n_{Mg(OH)_2}}{1} = \frac{n_{HCl}}{2} \Rightarrow \frac{W_{Mg(OH)_2}}{M_{Mg(OH)_2}} = \frac{S_{HCl} \times V_{HCl}}{2} \Rightarrow \frac{100 \times 10^{-3}}{58.3} = \frac{0.13 \times V_{HCl}}{2} \therefore V_{HCl} = 0.02638 \text{ L (Ans.)}$$

23.  $20 \text{ mL}$  আয়তনের একটি হাইড্রোকার্বন গ্যাসের সাথে অতিরিক্ত  $O_2$  মিশ্রিত করে এর আয়তন  $90 \text{ mL}$  করা হল। এরপর তা দহন করা হল। শীতল গ্যাস মিশ্রণের আয়তন হল  $50 \text{ mL}$ । এ গ্যাস মিশ্রণে  $CaO$  যোগ করা হলে তার আয়তন কমে  $10 \text{ mL}$  হল। হাইড্রোকার্বনটির সংকেত নির্ণয় কর। [RUET'18-19]

সমাধান: এই Process এ সর্বদা  $CaO$  যোগ করলে তা গ্যাসীয়  $O_2$  এবং  $CO_2$  এর সাথে বিক্রিয়া করে  $O_2, CO_2$  এর পরিমাণ কমাতে।

$$V_{O_2} + V_{C_xH_y} = 90 \text{ ml (প্রশ্নমতে)}$$

$$V_{O_2} = (90 - 20) = 70 \text{ ml [কারণ হাইড্রোকার্বনের আয়তন = } 20 \text{ ml]}$$



$$20 \text{ ml} \quad \left| \quad (70 - 10) = 60 \text{ ml} \quad \left| \quad (50 - 10) \text{ ml} = 40 \text{ ml} \right.$$

$$\Rightarrow 1 \text{ ml} \quad \left| \quad 3 \text{ ml} \quad \left| \quad 2 \text{ ml} \right.$$


$$C_xH_y \quad \left| \quad O_2 \quad \left| \quad C_2 \right.$$

$CO_2$  এর সহগ নিলে,  $x = 2$

$O_2$  এর সহগ নিলে,  $x + \frac{y}{4} = 3 \therefore \frac{y}{4} = 3 - 2 = 1 \therefore y = 4$ ; সংকেত:  $C_2H_4$  (Ans.)



24. বায়ুতে আয়তন হিসেবে 21% অক্সিজেন বিদ্যমান। 5% অদাহ্য পদার্থ আছে এমন 1 kg কয়লার দহন ঘটাতে প্রমাণ অবস্থায় কত আয়তন বায়ু প্রয়োজন? [BUTEX'18-19]




1 kg কয়লায় C আছে  $1000 \times 0.95 = 950 \text{ gm} = 79.17 \text{ mole}$  (5% অদাহ্য বলে বাকি 95% C বিদ্যমান)

1 mole C জ্বালাতে প্রয়োজন 22.4L  $O_2$

$\therefore 79.17 \text{ mole C জ্বালাতে প্রয়োজন } 22.4 \times 79.17 \text{ L } O_2 = 1773.33 \text{ L } O_2$

0.21 L  $O_2$  হলে বায়ু প্রয়োজন = 1L  $\therefore 1773.33 \text{ L } O_2$  হলে বায়ু প্রয়োজন =  $\frac{177.33}{0.21} = 8444.43 \text{ L}$

25.  $14^\circ\text{C}$  তাপমাত্রায় ও  $1.20 \times 10^5 \text{ Nm}^{-2}$  চাপে কত আয়তন হাইড্রোজেন সালফাইড 10gm লেড নাইট্রেটের সাথে বিক্রিয়া করবে? [RUET'17-18]



$$n_{Pb(NO_3)_2} = \frac{W}{M} = \frac{10}{331} \quad [Pb(NO_3)_2 \text{ এর আণবিক ভর} = 331]$$

$$n_{H_2S} = \frac{PV}{RT} = \frac{1.2 \times 10^5 \times V}{8.314 \times 287} = 50.29V \text{ mol}$$

$$\text{সমীকরণ অনুযায়ী } n_{Pb(NO_3)_2} = n_{H_2S} \therefore \frac{10}{331} = 50.29V \therefore V = 6.01 \times 10^{-4} \text{ m}^3 = 0.601 \text{ L (Ans.)}$$

26. মিথাইল অরেঞ্জ নির্দেশক ব্যবহার করে  $50 \text{ cm}^3$  সোডিয়াম হাইড্রোক্সাইডকে প্রশমিত করতে  $0.10 \text{ mol/dm}^3$  ঘনমাত্রার  $22.3 \text{ cm}^3$  সালফিউরিক এসিড প্রয়োজন হয়। (a) প্রশমন বিক্রিয়াটি লিখ। (b) কত মোল সালফিউরিক এসিড প্রয়োজন? (c)  $50 \text{ cm}^3$  সোডিয়াম হাইড্রোক্সাইড দ্রবণে কত মোল সোডিয়াম হাইড্রোক্সাইড আছে? (d) সোডিয়াম হাইড্রোক্সাইড দ্রবণের ঘনমাত্রা মোলারিটিতে নির্ণয় কর।  
সমাধান: (a)  $2NaOH + H_2SO_4 \rightarrow Na_2SO_4 + 2H_2O$  [BUET'16-17]

(b) সালফিউরিক এসিডের প্রয়োজনীয় মোল সংখ্যা,  $n = VS = 22.3 \times 10^{-3} \times 0.1 \text{ mol} = 2.23 \times 10^{-3} \text{ mol}$

(c)  $1 \text{ mol } H_2SO_4 \equiv 2 \text{ mol NaOH}$

$\therefore 2.23 \times 10^{-3} \text{ mol } H_2SO_4 \equiv (2 \times 2.23 \times 10^{-3}) \text{ mol NaOH} = 4.46 \times 10^{-3} \text{ mol NaOH}$

(d) NaOH এর ঘনমাত্রা =  $\frac{4.46 \times 10^{-3}}{50 \times 10^{-3}} \text{ M} = 0.0892 \text{ M}$

27. সাধারণ তাপমাত্রা ও চাপে 12 mL একটি হাইড্রোকার্বন গ্যাসকে 90 mL অক্সিজেন গ্যাসের সাথে মিশ্রিত করে বিস্ফারিত করা হল। বিস্ফারণের পর শীতল করে উৎপন্ন গ্যাসের আয়তন 72 mL হল। ঐ গ্যাস মিশ্রণকে কলিচুনের সংস্পর্শে রাখার পর 36 mL আয়তন হয়। হাইড্রোকার্বন এর আণবিক সংকেত নির্ণয় কর। [RUET'15-16]

সমাধান:  $C_xH_y + (x + \frac{y}{4}) O_2 \rightarrow xCO_2 + \frac{y}{2} H_2O(g)$ ; হাইড্রোকার্বনের মোল সংখ্যা =  $\frac{12 \times 10^{-3}}{22.4} \text{ mol} = 5.357 \times 10^{-4} \text{ mol}$

অক্সিজেনের মোল সংখ্যা =  $\frac{90 \times 10^{-3}}{22.4} \text{ mol} = 4.017 \times 10^{-3} \text{ mol}$

উৎপন্ন  $CO_2$  এর মোল সংখ্যা =  $\frac{36 \times 10^{-3}}{22.4} \text{ mol}$

প্রশ্নমতে,  $\frac{36 \times 10^{-3}}{22.4} = x \times 5.357 \times 10^{-4} \therefore x = 3.00008 \approx 3$

অবশিষ্ট পানির বাষ্পের আয়তন = 36 mL  $\therefore$  মোল সংখ্যা =  $\frac{36 \times 10^{-3}}{22.4} \text{ mol}$

প্রশ্নমতে,  $\frac{y}{2} \times 5.357 \times 10^{-4} = \frac{36 \times 10^{-3}}{22.4} \Rightarrow y = 6.0001 \approx 6 \therefore$  হাইড্রোকার্বনের সংকেত =  $C_3H_6$  (Ans.)

28. একটি বিদ্যুৎ শক্তি কেন্দ্রে বার্ষিক 2.4% রস্মিক সালফার সম্বলিত  $3.1 \times 10^7 \text{ kg}$  কয়লা পোড়ানো হয়। STP তে উৎপন্ন  $SO_2$  গ্যাসের আয়তন নির্ণয় কর। [BUET'14-15]

সমাধান:  $3.1 \times 10^7 \text{ kg}$  কয়লাতে S আছে =  $3.1 \times 10^7 \times \frac{2.4}{100} \text{ kg} = 744000 \text{ kg}$

Now,  $S + O_2 \rightarrow SO_2 \therefore n_s \equiv n_{SO_2} = \frac{744000 \times 10^3}{32} = 23250000 \text{ mole}$

$\therefore V_{SO_2} = (22.4 \times 23250000) \text{ L} = 520800000 \text{ L (Ans.)}$




29. ভেজালযুক্ত ক্যালসিয়াম কার্বনেট হাইড্রোক্লোরিক এসিডের 15.82 g সঙ্গে বিক্রিয়া করে 37°C তাপমাত্রা ও 750 mm (Hg) চাপে 2.53d m<sup>3</sup> কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন করে। ঐ ক্যালসিয়াম কার্বনেটে ভেজালের পরিমাণ নির্ণয় কর। [BUET'14-15, BUTEX'08-09]  
সমাধান:  $\text{CaCO}_3 + 2\text{HCl} \rightarrow \text{CaCl}_2 + \text{H}_2\text{O} + \text{CO}_2$

$$\text{এখানে, } n_{\text{CaCO}_3} = n_{\text{CO}_2} \Rightarrow \frac{w_{\text{CaCO}_3}}{M_{\text{CaCO}_3}} = \frac{PV}{RT} \Rightarrow \frac{w}{100} = \frac{\frac{750}{760} \times 2.53}{0.0821 \times 310} \Rightarrow w = 9.80987 \text{ g}$$

$$\therefore \text{ভেজালের পরিমাণ} = (15.82 - 9.80987) \text{ g} = 6.010127 \text{ g (Ans.)}$$

30. 90.0 g পানিতে 20.0 g NaOH এবং 81.0 g পানিতে 18.25 g HCl পৃথকভাবে দ্রবীভূত করে দুটি জলীয় দ্রবণ প্রস্তুত করা হল। তারপর দ্রবণ দুটিকে একত্রে মিশ্রিত করা হল। তাপ প্রয়োগে মিশ্রণটিকে সম্পূর্ণরূপে শুকানো হল। সম্পূর্ণ শুকাতো 10 ঘণ্টা সময় লাগলো। সম্পূর্ণরূপে শুকানোর পর কত গ্রাম লবণ পাওয়া যাবে এবং শুকানোর সময় প্রতি সেকেন্ডে কতটি পানির অণু বাষ্পীভূত হয়েছে তা নির্ণয় কর। [BUET'13-14]

সমাধান:





$$\therefore \text{[29.25 g salt]} \text{ পাওয়া যাবে। Total H}_2\text{O} = 90 + 81 + 9 = 180 \text{ g} = 10 \text{ mole.}$$

$$\therefore \text{প্রতি sec এ বাষ্পীভূত অণু} = (10 \times 6.023 \times 10^{23}) / 3600 \times 10 = 1.673 \times 10^{20}$$

31. 1.0 g একটি ধাতব কার্বনেট লবণ 25.0 mL 1.0 M HCl দ্রবণে দ্রবীভূত করা হল। প্রাপ্ত দ্রবণকে সম্পূর্ণরূপে প্রশমিত করতে 50.0 mL ডেসিমোলার কস্টিক সোডার দ্রবণ লাগে। লবণটির আণবিক ভর ও সংকেত নির্ণয় কর। [BUET'12-13]

সমাধান: ধরি, ধাতব কার্বনেট লবণটি  $\text{MCO}_3$



$$n_{\text{MCO}_3} = \frac{1}{M} [M = \text{আণবিক ভর}]$$

$$n_{\text{HCl}} = \frac{25}{10^3} \times 1 = 25 \times 10^{-3} \text{ mole}$$

$$n_{\text{NaOH}} = \frac{50}{10^3} \times \frac{1}{10} = 5 \times 10^{-3} \text{ mole}$$


বিক্রিয়া হতে স্পষ্ট

$$2n_{\text{MCO}_3} + n_{\text{NaOH}} = n_{\text{HCl}}$$

$$\Rightarrow \frac{2}{M} + 5 \times 10^{-3} = 25 \times 10^{-3} \Rightarrow M = 100 \text{ (Ans.)}$$


অর্থাৎ ধাতব কার্বনেট লবণটি  $\text{CaCO}_3$  (Ans.)

32. 184 gm  $\text{CaCO}_3$  ও  $\text{MgCO}_3$  - এর মিশ্রণকে উত্তপ্ত কর 96gm অবশেষ পাওয়া মিশ্রণটিতে  $\text{CaCO}_3$  ও  $\text{MgCO}_3$  -এর শতকরা পরিমাণ বের কর। [RUET' 12-13, 08-09, 04-05]



$$x \quad \frac{56x}{100}$$


$$\text{সুতরাং, MgCO}_3 = (184 - x) \text{ gm}$$



$$\text{সমাধান করে, } x = 100 \text{ gm} \therefore \% \text{ CaCO}_3 = \frac{100}{184} = 54.35\% \text{ এবং } \% \text{ MgCO}_3 = (100 - 54.35)\% = 45.65\%$$

33. এক টুকরা সাদা ফসফরাস (পা ভর = 31) বাতাসে নিক্ষেপ করা হল এবং প্রজ্বলিত হল। এই ঘটনার উপর ভিত্তি করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। [BUET'10-11]

(a) বাতাসে ঘটমান রাসায়নিক বিক্রিয়াটি বিক্রিয়ক এবং উৎপাদের ভৌত অবস্থা সহ লিখ।



$$124 \text{ gm} \quad 284 \text{ gm}$$

(b) উৎপাদের পরিমাণ ছিল 2.84 g. বাতাসে কি পরিমাণ (গ্রামে) ফসফরাস নিক্ষেপ করা হয়েছিল? কত মোল ফসফরাস নিক্ষেপ করা হয়েছিল?

সমাধান: 284 gm উৎপাদ আসে 124 gm ফসফরাস হতে

$$\therefore 2.84 \text{ gm উৎপাদ আসে } 1.24 \text{ gm ফসফরাস হতে}$$


$$= \frac{1.24}{31 \times 4} \text{ mol ফসফরাস হতে}$$

$$= 0.01 \text{ mol ফসফরাস হতে Ans: } 1.24 \text{ gm; } 0.01 \text{ mol}$$

লক্ষণীয়: বাতাসে নিক্ষেপ করায়  $\text{P}_2\text{O}_3$  হবার সুযোগ নেই। তাছাড়া 284 gm ও 2.84 gm মিলিয়ে দেখাটাও কৌশল



34. 0.15 gm NaCl দ্রবণে AgNO<sub>3</sub> দ্রবণ যোগ করায় 0.1435 gm AgCl পাওয়া গেল। লবণে ক্লোরাইডের শতকরা পরিমাণ নির্ণয় কর। [CUET'07-08]




$\therefore 0.1435 \text{ g AgCl পাওয়া যাবে} = 0.1435 \times \frac{58.5}{143.5} \text{ g} = 0.05859 \text{ NaCl থেকে}$

$\therefore$  বিশুদ্ধ লবণের শতকরা পরিমাণ  $= \frac{0.0585}{0.15} \times 100\% = 39\%$

$\therefore$  লবণে ক্লোরাইডের শতকরা পরিমাণ  $= \frac{35.5}{58.5} \times 39\% = 23.67\% \text{ (Ans.)}$

35. 1 kg চুনা পাথরকে অতিরিক্ত HCl এ দ্রবীভূত করা হলে প্রমাণ অবস্থায় কত আয়তন CO<sub>2</sub> গ্যাস পাওয়া যাবে? [BUTEX'07-08]



100 gm চুনা পাথরে পাওয়া যাবে 22.4 L CO<sub>2</sub> গ্যাস

$\therefore 1000 \text{ gm চুনা পাথরে পাওয়া যাবে} \frac{22.4 \times 1000}{100} \text{ L গ্যাস} = 224 \text{ L CO}_2 \text{ [Ans. 224 L]}$

36. 40°C তাপমাত্রায় এবং 787 মি.মি. পারদ চাপে 9.41 gm HCl থেকে নিম্নলিখিত বিক্রিয়া অনুসারে কত লিটার Cl<sub>2</sub> গ্যাস পাওয়া যাবে?  $2 \text{KMnO}_4 + 16 \text{HCl} = 8 \text{H}_2\text{O} + 2 \text{KCl} + 2 \text{MnCl}_2 + 5 \text{Cl}_2$  [BUET'05-06]

সমাধান: 16 mole HCl  $\equiv$  5 mole Cl<sub>2</sub>


$16 \times 36.5 \text{ g} \equiv 5 \times 71 \text{ g}$

9.41 gm HCl থেকে উৎপন্ন হয়  $\frac{355 \times 9.41}{584} \text{ gm} = 5.72 \text{ gm Cl}_2$

আমরা জানি,  $PV = nRT = \frac{W}{M} RT \Rightarrow V = \frac{WRT}{MP} = \frac{5.72 \times 0.0821 \times 313 \times 760}{71 \times 787} \text{ L} = 2 \text{ L (Ans.)}$

Alternate:  $\frac{1}{5} n_{\text{Cl}_2} = \frac{1}{16} n_{\text{HCl}} \Rightarrow \frac{1}{5} \times \frac{PV}{RT} = \frac{1}{16} \times \frac{W}{M} \Rightarrow \frac{1}{5} \times \frac{\frac{787}{760} \times V}{0.08206 \times 313} = \frac{1}{16} \times \frac{9.41}{36.5} \therefore V = 2 \text{ L}$

37. 16.26 গ্রাম জিংক অক্সাইড হতে কার্বন বিজারণ প্রণালীতে কত গ্রাম জিংক পাওয়া যাবে? বিক্রিয়ায় কত গ্রাম কার্বন প্রয়োজন পড়বে? [CUET'05-06]




বিক্রিয়া হতে পাই 81.3 gm ZnO থেকে Zn উৎপন্ন হয় 65.3 gm

$\therefore 16.26 \text{ gm ZnO হতে Zn উৎপন্ন হয়} = \frac{65.3 \times 16.26}{81.3} = 13.96 \text{ gm}$

আবার, কার্বনের প্রয়োজন  $= \frac{12 \times 16.26}{81.3} \text{ gm} \therefore \text{C} = 2.4 \text{ gm (Ans.)}$

38. 100 gm mole CH<sub>4</sub> গ্যাস বাতাসে সম্পূর্ণ দহন করা হচ্ছে। 0°C এবং 760 mm Hg চাপে দাহ্য গ্যাসের আয়তন কত হবে? [বাতাসে N<sub>2</sub> 79% V এবং O<sub>2</sub> 21% V রয়েছে] [BUET'04-05]





$\therefore n_{\text{O}_2} = 200 \therefore V_{\text{O}_2} = 22.4 \times 200 = 4480 \text{ L}$

বায়ুতে N<sub>2</sub> 79% ও O<sub>2</sub> 21% আছে।

$\therefore 4480 \text{ L O}_2 \text{ থাকবে} \frac{4480}{21} \times 100 = 21333.33 \text{ L বায়ুতে}$


$\therefore$  দাহ্য গ্যাসের আয়তন  $V_{\text{CH}_4} + V_{\text{air}} = (2240 + 21333.33) \text{ L} = 23573.33 \text{ L}$

